

## হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হলো জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ অনুষ্ঠান

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ে ১৫ জুলাই এবং ১৭ জুলাই দুই দিনব্যাপী অনুষ্ঠিত হলো জুলাই গণঅভ্যুত্থান পুনর্জাগরণ অনুষ্ঠান। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদ। ১৫ জুলাই বিকাল ৫:১৫ ঘটিকায় একাডেমিক ভবন-১ এর প্রাণি চিকিৎসা ও প্রাণিসম্পদ বিজ্ঞান অনুষদের শ্রেণীকক্ষে প্রদর্শিত হয় জুলাই গণঅভ্যুত্থান সংশ্লিষ্ট চলচ্চিত্র প্রদর্শনী এবং ১৭ জুলাই একাডেমিক ভবন-১ এর প্রাণি চিকিৎসা ও প্রাণিসম্পদ বিজ্ঞান অনুষদের শ্রেণীকক্ষে বিকাল ৫:১৫ ঘটিকায় অনুষ্ঠিত হয় জুলাই আন্দোলনে আহতদের অভিজ্ঞতা ভাগ করার মাধ্যমে “জুলাই স্মরণ” অনুষ্ঠান। উক্ত অনুষ্ঠানে জুলাই আন্দোলনে আহতরা তাদের বিভীষিকাময় অভিজ্ঞতার কথা সকলের সামনে তুলে ধরেন এবং সন্ধ্যা ৭:০০ ঘটিকায় প্রদর্শিত হয় “Teachers in july” , “Abrar Fahad” চলচ্চিত্র প্রদর্শনী। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য, শিক্ষকবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, কর্মচারীবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের শিক্ষার্থীরা।